# mvd‡j¨i 5 eQi

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

(২০০৯-২০১৩)

**শিক্ষাবৃত্তি**

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য ২০১২ সাল থেকে শিক্ষা বৃত্তি চালু করা হয়। বর্তমানে পিএসসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি ক্যাটাগরিতে জিপিএ-৫ প্রাপ্ত প্রবাসী কর্মীর সন্তান যারা দেশের বিভিন্ন স্কুল/কলেজ ও পাবলিক বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজে প্রথম সেমিস্টার/১ম বর্ষে অধ্যয়নরত আছে তাদেরকে এ বৃত্তি দেয়া হচ্ছে।

গত ২০১২ ও ২০১৩ সালে ১৬৬ জন শিক্ষার্থীকে সর্বমোট ৪১,৪১,০০০/- (একচল্লিশ লক্ষ একচল্লিশ হাজার) টাকা শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

**শিক্ষাবৃত্তি প্রদানের বিবরণ**

| পরীক্ষার নাম | বৃত্তির প্রদানের সংখ্যা (২০১২) | বৃত্তির প্রদানের সংখ্যা (২০১৩) | সময়কাল | মাসিক বৃত্তির পরিমান | বাৎসরিক বই ক্রয়সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ | শিক্ষার্থী প্রতি বার্ষিক প্রদানকৃত অর্থ |
|---|---|---|---|---|---|---|
| পিএসসি | ------ | ৪০ | ৩ বছর | ৭০০/- | ১৫০০/- | ৯,৯০০/- |
| জেএসসি | ০৭ | ২২ | ২ বছর | ১০০০/- | ২০০০/- | ১৪,০০০/- |
| এসএসসি | ২৪ | ৩৫ | ২ বছর | ১৫০০/- | ৩০০০/- | ২১,০০০/- |
| এইচএসসি | ১৮ | ২০ | ৪ বছর | ২০০০/- | ৩০০০/- | ২৭,০০০/- |

**প্রাক-বহির্গমন ব্রিফিং**

চাকরি নিয়ে বিদেশ গমনকারী কর্মীদের নিয়োগকারী দেশের আইন ও নিয়ম-কানুন, রীতি-নীতি, ভাষা, শ্রম আইন, আবহাওয়া ও পরিবেশ, ভাষা, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে ধারণা দিতে বিদেশ গমনের পূর্বে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদান করা হয়।

গত ৫ বছরে প্রাক বহির্গমন ব্রিফিং প্রদানের পরিসংখ্যান

| সাল | ব্রিফিং গ্রহণকারী কর্মীর সংখ্যা |
|---|---|
| ২০০৯ | ৪০৩৪৩ |
| ২০১০ | ২৫৪৬২ |
| ২০১১ | ২৫৭৪০ |
| ২০১২ | ১৮৩৮৩ |
| ২০১৩ | ১৫৯৬৯ |
| মোট | ১,২৫,৮৯৭ |

## মৃতদেহ দেশে আনয়ন

প্রবাসে মৃত্যুবরণকারী বাংলাদেশি কর্মীর লাশ পরিবারের লিখিত মতামত সাপেক্ষে দেশে আনা হয়। কোন মৃতের পরিবার লাশ সংশ্লিষ্ট দেশে দাফনের ইচ্ছা প্রকাশ করলে সেদেশে দাফনের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বিগত ৫ বছরে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর লাশ দেশে আনয়নের পরিসংখ্যান

| সাল | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম | ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট | মোট মৃতদেহ আনয়ন |
|---|---|---|---|---|
| ২০০৯ | ২৩১৫ | - | - | ২৩১৫ |
| ২০১০ | ২৩০০ | ২৬০ | - | ২৫৬০ |
| ২০১১ | ২২৩৫ | ৩০৫ | ৪৫ | ২৫৮৫ |
| ২০১২ | ২৩৮৩ | ৪৪২ | ৫৩ | ২৮৭৮ |
| ২০১৩ | ২৫৪২ | ৪৩৬ | ৯৮ | ৩০৭৬ |
| মোট | ১১,৭৭৫ | ১,৪৪৩ | ১৯৬ | ১৩,৪১৪ |

## লাশ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদান

প্রবাসে মৃত্যুবরণকারী বাংলাদেশি কর্মীর লাশ বিমানবন্দরে তার পরিবারের নিকট হস্তান্তরের সময় মৃতের পরিবারকে লাশ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য হিসেবে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকার চেক প্রদান করা হয়।

বিগত ৫ বছরে প্রবাসে মৃত কর্মীর পরিবারকে লাশ পরিবহন ও দাফন বাবদ আর্থিক সাহায্য প্রদানের বিবরন

| সাল | পরিবারের সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|
| ২০০৯ | ১৩৬৪ | ২,৭৫,৩৫,০০০/- |
| ২০১০ | ২২১২ | ৬,৮৮,০৪,০০০/- |
| ২০১১ | ১৮৬৯ | ৬,৫০,৬৫,০০০/- |
| ২০১২ | ২২০১ | ৭,৫২,৪৯,০০০/- |
| ২০১৩ | ২৪১৯ | **৮,৪৬,৩৫,০০০/-** |
| মোট | ১০,০৬৫ | **৩২,১২,৪৪,০০০/-** |

## আর্থিক অনুদান প্রদান

বিদেশে বৈধভাবে গমনকারী মৃত কর্মীর প্রত্যেক পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়। ১ এপ্রিল, ২০১৩ তারিখ হতে প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর প্রত্যেক পরিবারকে আর্থিক অনুদান হিসেবে **৩,০০,০০০/- (তিন লক্ষ)** টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়। উক্ত তারিখের পূর্বে মৃত্যুবরণকারীর পরিবারকে **২,০০,০০০/- (দুই লক্ষ)** টাকা আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে।

বিগত ৫ বছরে প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের পরিসংখ্যাণ ঃ

| সাল | পরিবারের সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|
| ২০০৯ | ৪৮১ | ৪৭৯৩৫৪৬৯/- |
| ২০১০ | ৫২৬ | ৭৭৯৯৬৫২০/- |
| ২০১১ | ৬৮১ | ১১০০৬১১২৭/- |
| ২০১২ | ১৩১৪ | ২৩১০৯৫৫২৫/- |
| ২০১৩ | ১৩৯৩ | ২৭,৩২,৭০,৪১২/- |
| মোট | ৪৩৯৫ | ৭৪,০৩,৫৯,০৫৩/- |

## মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্স আদায় ও বিতরণ

প্রবাসী কর্মীর মৃত্যুজনিত কারণে নিয়োগকর্তা/অন্য কোন সংস্থা/ব্যক্তি/প্রতিষ্ঠান হতে **মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্স** পাওয়ার সম্ভাবনা থাকলে তা সংশ্লিষ্ট দেশের বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের মাধ্যমে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ওয়ারিশদের অনুকূলে যথাযথভাবে বিতরণ করা হয়।

**বিগত ৫ বছরে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন/সার্ভিস বেনিফিট/ইন্স্যুরেন্স বাবদ আদায়কৃত অর্থ বিতরণের বিবরন**

| সাল | পরিবারের সংখ্যা | প্রদানকৃত অর্থ |
|---|---|---|
| ২০০৯ | ৪৯৯ | ১৮৪২১২২৯৮/- |
| ২০১০ | ৫৪৯ | ২৪৯৯২৪০০৭/- |
| ২০১১ | ৪৭৯ | ২৭৩৫২৬৩১২/- |
| ২০১২ | ৫২২ | ৩১২৫৫১৪০০/- |
| ২০১৩ | **২৩১** | ২১,৮৫,৬৮,৪৬২/- |
| মোট | **২২৮০** | ১২৩,৮৭,৮২,৪৭৯/- |

**পঙ্গু ও অসুস্থ কর্মীদের আর্থিক সাহায্য প্রদান**

প্রবাসে কর্মরত অবস্থায় যেসব কর্মী গুরুতর অসুস্থ/পঙ্গু হয়ে মানবেতর জীবন যাপন করছেন সে সকল কর্মীকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে সর্বোচ্চ ১ লক্ষ টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়। এছাড়া প্রবাসে অসুস্থ/পঙ্গু হয়ে চিকিৎসাধীন থাকলে/চিকিৎসার প্রয়োজন হলে দূতাবাসের সহযোগিতায় চিকিৎসার ব্যবস্থা গ্রহণ এবং দেশে ফেরত আনা হয়। ২০১৩ সাল হতে এ সাহায্য প্রদানের বিষয়টি চালু করা হয়েছে।

**প্রবাসে সেইফ হাউজ প্রতিষ্ঠা**

প্রবাসে বিপদগ্রস্থ মহিলা কর্মীদের নিরাপদ আশ্রয়ের জন্য সৌদি আরবের রিয়াদ ও জেদ্দা, ইউএই এর দুবাই ও আবুধাবী এবং ওমানে সেইফ হাউজ প্রতিষ্ঠা করা হয়েছে।

**বিভিন্ন দেশে বিরাজমান রাজনৈতিক অস্থিরতার কারণে সহায়তা কার্যক্রম**

বিশ্বের বিভিন্ন দেশে বিরাজমান রাজনৈতিক অস্থিরতার কারণে সংশ্লিষ্ট দেশে কর্মরত বাংলাদেশি কর্মীদের জীবন সংকটাপন্ন হলে তাদের দেশে ফেরত আনয়নে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়। লিবিয়ায় রাজনৈতিক অস্থিরতার কারণে ৩৬,৬৫৬ জন কর্মীকে দেশে ফেরত আনয়নে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক সাহায্য প্রদান করা হয়।

**প্রবাসে শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা**

পরিবার-পরিজন নিয়ে যেসব বাংলাদেশি কর্মী বিদেশে বসবাস করছেন তাদের সন্তানদের শিক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে আবুধাবী,বাহরাইন,ওমান,লিবিয়া ও সৌদি আরবে (রিয়াদ ও জেদ্দা) ওয়েজ আনার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে স্কুল/কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে। এসব স্কুলে প্রবাসী কর্মীর সন্তানেরা লেখাপড়া করছে।

**প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা প্রদান**

বিদেশে চাকরি নিয়ে গমনকারী অস্বচ্ছল কর্মীদের স্বল্প সুদে ঋণ প্রদানের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর তহবিল হতে ৯৫ কোটি টাকা প্রদান করে প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহযোগিতা করা হয়েছে।

**প্রবাসী কল্যাণ ভবনে ওয়ান স্টপ সার্ভিস**

বিদেশগামী বাংলাদেশি কর্মীদের যাবতীয় সেবা একই স্থান হতে প্রদানের লক্ষ্যে ঢাকাস্থ ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন,রমনা, ঢাকায় প্রবাসী কল্যাণ ভবনে ওয়ান স্টপ সার্ভিস চালুর উদ্যোগ নেয়া হয়েছে।

**<u>বিমানবন্দরে কল্যাণ ডেস্কের মাধ্যমে সহায়তা প্রদান</u>**

বিদেশগামী কর্মীদের নিরাপদে বিদেশ গমন এবং প্রত্যাবর্তনকালে বিমানবন্দরে সহায়তা প্রদানের লক্ষ্যে হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এবং শাহ্ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এ প্রবাসী কল্যাণ ডেস্ক স্থাপন করা হয়েছে। কল্যাণ ডেস্ক কর্তৃক প্রদত্ত সেবা নিম্নরূপ ঃ

(১) বিমানবন্দরে কর্মীর ইমিগ্রেশন, ভিসা, বহির্গমন ছাড়পত্র ইত্যাদি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ের সময় কোন সমস্যা সৃষ্টি হলে তা নিরসনে কল্যাণ ডেস্কের তাৎক্ষনিক সহায়তা প্রদান।

(২) অবৈধভাবে বৈদেশিক চাকুরীতে গমনরোধকল্পে বহির্গমন লাউঞ্জে অবস্থিত কল্যাণ ডেস্কে বিএমইটি কর্তৃক ইস্যুকৃত বহির্গমন ছাড়পত্র (স্মার্টকার্ড) রিডারের সাহায্যে  পরীক্ষা করে বহির্গমন নিশ্চিত করা হয়।

(৩) বিদেশে কর্মরত মৃত কর্মীর লাশ বিমানবন্দরের কর্তৃপক্ষ হতে গ্রহণপূর্বক তাদের স্বজনদের নিকট হস্তান্তর।

(৪) লাশ হস্তান্তরের সময় মৃত কর্মীর পরিবারকে বিমানবন্দর হতে লাশ পরিবহন ও দাফন বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকার আর্থিক সাহায্যের চেক প্রদান।

(৫) কর্মীর বিদেশ গমন এবং প্রত্যাগমনের সময় বিমানবন্দরে ২৪ ঘন্টা প্রবাসী কল্যাণ ডেস্ক সদা প্রস্তুত থাকে।